



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮২৬৭

৮৮-০২-২২২২১৮৫৩৭

ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫

ই-মেইল : info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

এক্স-রে স্থাপনা/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির ব্যবহারিক লাইসেন্স নবায়নের সাধারণ নিয়মাবলী

- ১। বিকিরণ উৎপাদনকারী যন্ত্র (যেমন: Fixed X-ray Unit, Mobile X-ray Unit, Dental X-ray Unit, OPG Unit, CT Scan Machine, C-Arm Machine, Mammography Unit, Angiogram Unit, Bone Densitometry ইত্যাদি) এর ব্যবহারিক লাইসেন্স নবায়নের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ওয়েবসাইট ([লিংক](#)) অথবা বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলার বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩) হতে 'গ'-শ্রেণির আবেদন ফরম (তফসিল-৪.৩) সংগ্রহ করতে হবে।
 - ২। সংগৃহীত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে-
 - ক) আবেদন ফরমের প্রথম অংশের ক্রমিক নং-৪ এ আবেদনকারীর/লাইসেন্সধারীর নাম (বাংলায় এবং ইংরেজিতে), পদবী ও মোবাইল নাম্বার অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে;
 - খ) আবেদন ফরমের প্রথম অংশের ক্রমিক নং-৭ এ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) এর নাম অবশ্যই বাংলায় ও ইংরেজিতে পূরণ করতে হবে এবং
 - গ) আবেদন ফরমের দ্বিতীয় অংশের ক্রমিক নং-১০ এর ক, খ, গ, ঙ, চ এবং জ নং কলাম (মেশিনের মডেল, কিলোভোল্ট (kV), মিলি অ্যাম্পিয়ার (mA), নিয়ন্ত্রণ প্যানেলের ক্রমিক নং, টিউব হেডের ক্রমিক নং ও অভিপ্রেত ব্যবহার) অবশ্যই যথাযথভাবে উল্লেখ করতে হবে।
 - ৩। অফিস আদেশ (সংখ্যা-১৬/২০১৬, তারিখ: ০৮/১২/২০১৬) ([লিংক](#)) অনুযায়ী প্রতিটি বিকিরণ উৎপাদনকারী যন্ত্রের বাৎসরিক নবায়ন ফি (১৫% ভ্যাটসহ) বাবদ (৩,০০০+৪৫০)=৩,৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। মেয়াদ উত্তীর্ণের পূর্বে আবেদন জমা দিতে না পারলে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে প্রতিটি মেশিনের প্রতি মাসের জন্য সারচার্জ (১৫% ভ্যাটসহ) বাবদ (২০০+৩০)=২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে প্রদান করতে হবে। এক্ষেত্রে নবায়ন ফি, সারচার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) ও ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যেকোন ব্যাংক থেকে "বাপশনিক রেগুলেটরি ফি" অথবা "BAERA Regulatory Fee" শিরোনামে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে প্রদান পূর্বক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত কোন নগদ অর্থ গ্রহণ করা হয় না।
 - ৪। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নলিখিত Document অবশ্যই দাখিল করতে হবে:
 - ক) লাইসেন্স প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে লিখিত একটি আবেদনপত্র;
 - খ) লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তি আবেদন করতে পারবে। সেক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) দাখিল করতে হবে;
 - গ) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) কর্তৃক প্রদত্ত সর্বশেষ লাইসেন্স এর কপি;
 - ঘ) বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) এর মূল সনদের ফটোকপি;
 - ঙ) কর্তৃপক্ষের নির্ধারিত ফরম্যাট অনুযায়ী বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) এর বার্ষিক প্রতিবেদন এবং অঙ্গীকারনামা;
 - চ) বিকিরণ কর্মীদের ত্রৈমাসিক TLD রিপোর্টের ফটোকপি (সর্বশেষ রিপোর্টসহ পূর্ববর্তী সকল ত্রৈমাসিক রিপোর্ট);
 - ছ) বিকিরণ উৎপাদনকারী যন্ত্রের Quality Control (QC) প্রতিবেদনের কপি;
 - জ) RCO পরিবর্তনের ক্ষেত্রে যথাযথভাবে পূরণকৃত RCO মনোনয়ন ফরম ([লিংক](#)) (প্রযোজ্য ক্ষেত্রে);
 - ঝ) ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্সের ফটোকপি এবং
 - ঞ) স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত লাইসেন্স এর ফটোকপি।
 - ৫। প্রয়োজনীয় তথ্যের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র অথবা লাইসেন্স নবায়ন ফি বাবদ প্রদেয় পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত লাইসেন্স নবায়নের প্রক্রিয়া বিলম্বিত হতে পারে।
 - ৬। পরিপূর্ণ তথ্য অত্র কর্তৃপক্ষে পৌঁছানোর তারিখ আবেদন গ্রহণের তারিখ হিসাবে গণ্য হবে।
 - ৭। লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তি লাইসেন্স এর মূল কপি সংগ্রহ করতে পারবে। সেক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) দাখিল করতে হবে;
- উপরোক্ত বিষয়ে আরো অধিক তথ্য/জানার প্রয়োজন হলে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩ ও ৩০১)

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফোন নং ৮৮-০২-২২২২১৮২৬৭, ৮৮-০২-২২২২১৮৫৩৭